

## 🗏 আয-যুখরুফ | Az-Zukhruf | ٱلزُّخْرُف

আয়াতঃ ৪৩:৮৮

আরবি মূল আয়াত:

## 🗚 অনুবাদসমূহ:

আর তার (রাস্লের) বাণী 'হে আমার রব, নিশ্চয় এরা এমন কওম যারা ঈমান আনবে না।' — আল-বায়ান রস্লের এ উক্তির শপথঃ 'হে আমার প্রতিপালক! এ জাতির লোকেরা ঈমান আনবে না।' — তাইসিরুল আমি অবগত আছি রাস্লের এই উক্তি - হে আমার রাব্ব! এই সম্প্রদায়তো ঈমান আনবেনা। — মুজিবুর রহমান And [Allah acknowledges] his saying, "O my Lord, indeed these are a people who do not believe." — Sahih International

৮৮. আর তাঁর (রাসূল) এ উক্তিঃ হে আমার রব! নিশ্চয় এরা এমন সম্প্রদায় যারা ঈমান আনবে না।

তাফসীরে জাকারিয়া

(৮৮) আর রসূলের উক্তি,[1] 'হে আমার প্রতিপালক! এরা তো সেই সম্প্রদায় যারা বিশ্বাস করবে না।' (এর জ্ঞান কেবল তাঁরই আছে।)

[1] وَعِلْمُ قِيلِهِ আল্লাহরই কাছে রয়েছে কিয়ামতের وَعِلْمُ قِيلِهِ আল্লাহরই কাছে রয়েছে কিয়ামতের ত্তান এবং স্বীয় পয়গম্বরের অভিযোগের জ্ঞান।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4413

义 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন